৬/৫/২০০৮
তারিখ ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ...

দৈনিক ইত্তেফাক

# দেশে কারিগরি জ্ঞানবিহীন বেকার তরুণ-তরুণীর সংখ্যা বাড়িতেছে

**গিয়াসউদ্দিন আহমেদ** ॥ দেশের বিজ্ঞান ও প্রযুক্তি এবং কারিগরি শিক্ষার অভাবে বছরে হাজার হাজার শুধু পুঁথিগত বিদ্যালাভকারী শিক্ষিত বেকার তরুণ-তরুণীর সংখ্যা বৃদ্ধি পাইতেছে। বেসরকারী খাতের স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রীদের নিকট হইতে অধিক হারে বেতন লইয়া পুথিগত শিক্ষার মান রাখার চেষ্টা করিলেও সরকারী খাতের স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে শিক্ষার মান প্রায় নিম্নপর্যায়ে নামিয়া আসিয়াছে। ফলে পুথিগত শিক্ষাপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরা কম্পিউটার জগতে কিংবা ইংরেজী প্রাধান্য এলাকাগুলিতে প্রবেশ করিতে গিয়া নিজেদের বিদ্যা অর্জনের অস্তিত্ব খুঁজিয়া পাইতেছে না। বিভিন্ন পেশার কাজে প্রাথমিক নিয়োগদানের জন্য প্রকৃত শিক্ষিত যুবক-যুবতীর প্রচুর অভাব পরিলক্ষিত হইতেছে। সরকারী ও বেসরকারী খাতে কোন কাজে নিয়োগ দানের জন্য দরখাস্ত আহ্বান করা হইলে তাহার বিপরীতে হাজার হাজার সার্টিফিকেটধারী শিক্ষিত যুবক-যুবতীর দরখাস্ত জমা পড়ে। কিন্তু প্রাথমিক বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষায় বসাইয়া দিলে উত্তরপত্রের মধ্যে এক পাতা সঠিক ইংরেজী ও বাংলা জানা শিক্ষিত যুবক-যুবতী খুঁজিয়া পাওয়া দুষ্কর হইতেছে বলিয়া চাকুরীদাতারা অভিযোগ করেন।

প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদ বিভিন্ন সভা-সমাবেশে কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে পড়াশুনা নষ্ট হওয়ার জন্য ছাত্র রাজনীতি এবং সন্ত্রাসকে দায়ী করিয়াছেন। দেশে যখন লক্ষ লক্ষ বেকার শিক্ষিত যুবক রহিয়াছে, তখন লন্ডন প্রবাসী বাংলাদেশীরা লন্ডনে বর্তমানে হোটেল (২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## কারিগরি জ্ঞান

(প্রথম পৃঃ পর)

ম্যানেজমেন্টে প্রায় ১০ হাজার বাংলাদেশী যুবককে চাকুরী দেওয়ার সুযোগ রহিয়াছে বলিয়া সম্প্রতি সাংবাদিক সম্মেলন করিয়া জানাইয়াছেন। দেশে এবং বিদেশে টাইপ জানা কম্পিউটার পারদর্শী ছাড়া সত্যিকার অর্থে কম্পিউটার প্রোগ্রামারের প্রচুর চাহিদা রহিয়াছে। দেশে এবং বিদেশে ড্রাইভিং হইতে শুরু করিয়া অন্যান্য কারিগরি পদে নিয়োগ দানের জন্য প্রচুর কারিগরি জ্ঞান-সম্পন্ন লোকের অভাব রহিয়াছে। দেশে কারিগরি জ্ঞান সম্পন্ন দক্ষ জনশক্তি গড়িয়া তোলার জন্য সরকারের পক্ষ হইতে তেমন নজর দেওয়া হইতেছে না বলিয়া অভিযোগ প্রকাশ। দেশে বর্তমানে একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, হোটেল ম্যানেজমেন্ট শিক্ষার জন্য পর্যটন কর্পোরেশনের একটিমাত্র প্রশিক্ষণ কেন্দ্র, ড্রাইভিংয়ের জন্য বি,আর,টিসির একটিমাত্র স্কুল চালু রহিয়াছে। সরকার বিজ্ঞান ও প্রযুক্তি খাতে শিক্ষা দানের জন্য আরও ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় করার উদ্যোগ গ্রহণ করিয়াছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতিমধ্যে কয়েকটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ঘোষণা দিয়াছেন। তন্মধ্যে গোপালগঞ্জের বিশ্ববিদ্যালয়ের নাম [illegible] করা হইয়াছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে। [illegible] প্রতিষ্ঠা করা হইতেছে হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। টাঙ্গাইল বিশ্ববিদ্যালয়ের নাম মওলানা আবদুল হামিদ খান ভাসানী বিশ্ববিদ্যালয় রাখা হইয়াছে। বিশেষ বিবেচনায় পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদালয় স্থাপন করা হইতেছে উপকূলীয় দুর্গম এলাকা হিসাবে। ইহাছাড়া পার্বত্য চট্টগ্রামের রাঙ্গামাটি, কুমিল্লা, রংপুর, নোয়াখালী, পাবনা, যশোহর, বরিশাল এবং বগুড়ায় বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত করা হইলে দেশের সকল বৃহত্তর জেলায় অন্ততঃ একটি করিয়া বিশ্ববিদ্যালয় থাকিবে বলিয়া শিক্ষানুরাগীরা মনে করেন। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের সহিত যোগাযোগ করিয়া জানা গিয়াছে, ১২টি বিশ্ববিদ্যালয়ের আইন চূড়ান্ত করা হইয়াছে। তবে এই মুহূর্তে ১২টি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা সম্ভব হইবে না। চলতি [illegible] পরিকল্পনায় [illegible] বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কথা অন্তর্ভুক্ত করা হইয়াছে। বাকীগুলি আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা [illegible]